গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০২২ - ৩০ জুন ২০২৩

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিকচিত্র | ৩ |
| প্রস্তাবনা | ৪ |
| সেকশন ১: সাধারণ কার্যাবলী | ৫ |
| সেকশন ২: কর্মসম্পাদন পরিকল্পনা | ৬ |
| সংযোজনী ১ : শব্দসংক্ষেপ | ৮ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি | ৯ |

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

মেরিন ফিশারিজ একাডেমি থেকে গত ২০১৯-২০২০ অর্থবছরে ৫৮ জন ক্যাডেট জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে বিএসসি (পাশ) ইন নটিক্যাল/মেরিন ইঞ্জিনিয়ারিং/মেরিন ফিশারিজ প্রদান করা হয়েছে। ২০২০-২০২১ এবং ২০২১-২২ অর্থবছরে ২১১ জন ক্যাডেট নৌ পরিবহন মন্ত্রণালয়/নৌ পরিবহন অধিদপ্তর কর্তৃক স্বীকৃত ২ বছর মেয়াদী প্রি-সী ট্রেনিং কোর্স সার্টিফিকেট প্রদান করা হয়েছে। ইতোমধ্যে একাডেমির কোর্স কারিকুলাম বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান বিশ্ববিদ্যালয়ের অধীনে ০৪ বছর মেয়াদী অনার্স পর্যায়ে উন্নীত করার পর ২০২১-২০২২ অর্থবছরে ১ম ব্যাচে ১৪ জন ক্যাডেট বিএসসি অনার্স কোর্স সম্পন্ন করেন। একাডেমি হতে পাশকৃত ক্যাডেটদের কিছু অংশ মেরিন ফিশারিজ সেক্টরে কর্মসংস্থানের মাধ্যমে গভীর সমুদ্রে মৎস্য শিকারী জাহাজ/ট্রলার অপারেশন করে সামুদ্রিক মৎস্য আহরণ, মৎস্য ও মৎস্যজাত সম্পদের সঠিক সংরক্ষণ, মান নিয়ন্ত্রণ ও রপ্তানি প্রক্রিয়াকরণ ইত্যাদি কর্মকান্ডের মাধ্যমে আপামর জনসাধারণের প্রাণিজ আমিষের চাহিদা পূরণ, বৈদেশিক মুদ্রা অর্জন ও আর্থ-সামাজিক উন্নয়নে ব্যাপক অবদান রাখছে। আবার, কিছু অংশ দেশে-বিদেশে নৌ বাণিজ্যিক জাহাজ এবং জাহাজ নির্মাণ ও মেরামত শিল্প ও সংশ্লিষ্ট অন্যান্য সেক্টরে নিয়োজিত হয়ে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জনের মাধ্যমে দেশের অর্থনীতিকে সমৃদ্ধ করছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

একাডেমির অপ্রতুল জনবল কাঠামো ইহার কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রধান অন্তরায়। একাডেমির ক্যাডেটদের দেশে-বিদেশে নৌ বাণিজ্যিক জাহাজে চাকুরি লাভের জন্য নৌ পরিবহন অধিদপ্তর হতে প্রয়োজনীয় সীম্যান বুক/ কন্টিনিউয়াস ডিসচার্জ সার্টিফিকেট (CDC) প্রদানের বিষয়ে উক্ত অধিদপ্তর কর্তৃক আরোপিত শর্ত পূরণ কল্পে মাস্টার মেরিনার এবং চিফ ইঞ্জিনিয়ার যোগ্যতা সনদধারী শিক্ষক নিয়োগের নিমিত্তে উচ্চতর গ্রেডে কতিপয় পদসহ জনবল কাঠামো সম্প্রসারণ করে শিক্ষক ও কর্মচারীর ঘাটতি পূরণ করা বর্তমানে একাডেমির জন্য বড় চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

আধুনিক সিমুলেটর বেইজড শিক্ষা অবকাঠামো স্থাপনের মাধ্যমে আন্তর্জাতিক মানের শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা।

**২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

৪০ এবং ৪১ তম ব্যাচের ক্যাডেটদের বিএসসি (অনার্স) ইন নটিক্যাল স্টাডিজ, বিএসসি ইন মেরিন ইঞ্জিনিয়ারিং ও বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ কোর্স পরিচালনা এবং চূড়ান্ত পরীক্ষা গ্রহণ, ৪২ তম ব্যাচের ক্যাডেটদের নৌ পরিবহন অধিদপ্তর কর্তৃক স্বীকৃত ২ বছর মেয়াদী প্রি-সী ট্রেনিং সার্টিফিকেট কোর্স পরিচালনা এবং ৪৩ তম ব্যাচে ক্যাডেট ভর্তি কার্যক্রম পরিচালনা করা।

**প্রস্তাবনা**

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরন এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২২ সালের ..জুন.... মাসের ..২৭.. তারিখে
এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১
## এপিএ প্রস্তুতকারী অফিসের সাধারণ কার্যাবলি

ক। গভীর সমুদ্রগামী মৎস্য আহরণকারী জাহাজ/ট্রলার ও নৌ বাণিজ্যিক জাহাজ চালানো, জাহাজের ইঞ্জিন অপারেশন, জাহাজ নির্মাণ ও মেরামত শিল্প, মৎস্য প্রক্রিয়াজাতকরণ ও মাননিয়ন্ত্রণ শিল্প ও সংশ্লিষ্ট অন্যান্য সেক্টরের জন্য দক্ষ জনশক্তি গড়ার উদ্দেশ্যে প্রি-সী ট্রেনিং ও স্নাতক পর্যায়ের শিক্ষা কার্যক্রম পরিচালনা করা।

খ। সমুদ্রে মৌলিক নিরাপত্তাসহ অন্যান্য আবশ্যকীয় বিষয়ে নৌ-কর্মকর্তা ও নাবিকদের এনসিলিয়ারি ট্রেনিং প্রদান করা।

গ। সমুদ্রগামী মৎস্য আহরণকারী জাহাজ/ট্রলার নৌ বাণিজ্যিক জাহাজ এ নিয়োজিত অফিসারদের সার্টিফিকেট অব কম্পিটেন্সী পরীক্ষার প্রস্তুতির নিমিত্তে রিফ্রেশার্স কোর্স পরিচালনা করা ।

## সেকশন ২কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | ২০২২-২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা/নির্ণায়ক | | | | | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২০-২১ | ২০২১-২২ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| ১। দক্ষ মানব সম্পদ উন্নয়ন | ১০০ | ১.১ মেরিটাইম সেক্টরসহ অন্যান্য বহুমুখী সেক্টরে চাকুরির সুযোগ গ্রহণের জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির অধীনে B.Sc (Honours) in Nautical Studies/ B.Sc in Marine Engineering/ B.Sc (Honours) in Marine Fisheries কোর্সসমূহের শিক্ষা কার্যক্রম পরিচালনা করা। | B.Sc (Honours) Certificate | সমষ্টি | সংখ্যা | ১০০ | - | ১৪ | ৩০ | ২৫ | ২০ | ১৫ | ১০ | ৩০ | ৩০ |

বিশেষ দ্রষ্টব্যঃ- বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (কোভিড ১৯) জনিত সমস্যার জন্য ২০২০ সালের এইচএসসি পরীক্ষার ফলাফল ৩০ জানুয়ারি ২০২১ তারিখে পরীক্ষা ছাড়াই অটোপাস প্রদান করা হয়েছিল। ২০২০ সালের এইচএসসি পরীক্ষার কার্যক্রম বিলম্বে হওয়ায় সঠিক সময়ে ভর্তি এবং যোগদান করানো সম্ভব হয় নি। ২০২০ সালের এইচএসসি পরীক্ষায় পাশকৃত শিক্ষার্থীরা গত ০১ জানুয়ারি ২০২২ তারিখ এ একাডেমিতে ৪২তম ব্যাচে ক্যাডেট হিসেবে যোগদান করেন। এর ফলে ২০২২-২৩ অর্থবছরে কর্মসম্প্রাদন চুক্তিতে ২ বছর মেয়াদি Pre-Sea Training Course পরিচালনার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়নি। পরবর্তী অর্থবছর হতে ধারাবাহিকভাবে এর লক্ষ্যমাত্রা নির্ণায়ক করা সম্ভব হবে বলে আশা করা যাচ্ছে।

আমি, অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, সচিব,মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় হিসাবে অধক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ........................................ | 29/5/22 |
| অধ্যক্ষ<br>মেরিন ফিশারিজ একাডেমি | তারিখ |
| ........................................ 29.5.2022 | 29.5.2022 |
| সচিব<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | তারিখ |

## সংযোজনী-১শব্দ সংক্ষেপ

| ক্রমিক নম্বর | শব্দ সংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | CDC | **Continuous Discharge Certificate** |
| ২ | B.Sc | **Bachelor of Science** |

## সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| ১। | মেরিটাইম সেক্টরসহ অন্যান্য বহুমুখী সেক্টরে চাকুরির সুযোগ গ্রহণের জন্য বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির অধীনে B.Sc (Honours) in Nautical Studies/ B.Sc in Marine Engineering/ B.Sc (Honours) in Marine Fisheries কোর্সসমূহের শিক্ষা কার্যক্রম পরিচালনা করা। | B.Sc Certificate | বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির কর্তৃক ইস্যুকৃত ফলাফল বিজ্ঞপ্তি। |



Anowar pc File: 119